Royal College of Anaesthetists
Association of Anaesthetists
BOAS British Ophthalmic Anaesthesia Society

# আপনার চোখের অপারেশনের জন্য লোকাল অ্যানেস্থেসিয়া

আপনার চোখে লোকাল অ্যানেস্থেটিক প্রয়োগের মাধ্যমে অপারেশন করলে আপনি কী আশা করতে পারেন, তা এই লিফলেটটি ব্যাখ্য করে। এটা অ্যানেস্থেটিস্ট, রোগী, এবং তাঁদের প্রতিনিধিরা মিলিতভাবে রচনা করেছেন।

## চোখের অপারেশনের জন্য লোকাল অ্যানেস্থেটিক

লোকাল অ্যানেস্থেটিক এক ধরনের ওষুধ যা আপনার ব্যাথার অনুভূতি সাময়িক ভাবে বন্ধ করে। চোখের অপারেশনে এটা **চোখের ড্রপ** এবং/অথবা **ইনজেকশন** হিসেবে দেওয়া হতে পারে। লোকাল অ্যানেস্থেটিক গ্রহণের পরেও আপনি সজাগ থাকবেন এবং আপনার আশেপাশে কী ঘটছে বুঝতে পারবেন। এই অ্যানেস্থেটিকের উদ্দেশ্য হলো অপারেশনের সময় আপনি যাতে কোনো ব্যথা অনুভব না করেন।

### লোকাল অ্যানেস্থেটিকের উপকারিতাগুলো কী?

আপনার চোখের অপারেশনের সময় ব্যথা অনুভব প্রতিরোধে লোকাল অ্যানেস্থেটিক সাধারণত খুব ভালো কাজ করে। এছাড়াও:

- অপারেশনের পরে কয়েক ঘণ্টা আপনাকে ব্যথামুক্ত রাখে
- ঝুঁকি ও পার্শ্বপ্রতিক্রিয়া জেনারেল অ্যানেস্থেটিকের তুলনায় কম
- অপারেশনের পরে দ্রুত সুস্থ হতে সাহায্য করে, যার ফলে আপনি সাধারণত একই দিনে ঘরে ফিরতে পারেন
- আপনি সাধারণত যেসব ওষুধ গ্রহণ করেন সেগুলোর বেশীরভাগই চালিয়ে যেতে পারবেন
- জেনারেল অ্যানেস্থেটিকের চেয়ে স্বাভাবিক নিয়মে খাবার খেতে পারবেন — হাসপাতালের কর্মীগণ আপনাকে এ ব্যাপারে পরামর্শ দিবেন।

## আমি জেনারেল অ্যানেস্থেটিক নিতে চাই, এই ক্ষেত্রে আমার কি পছন্দ করার স্বাধীনতা আছে?

- হ্যাঁ। আপনার জন্য যা পরিকল্পনা করা হয়েছে, আপনি সেসব বুঝে সম্মতি না দেওয়া পর্যন্ত কোনো কিছুই করা হবে না।
- আপনি জেনারেল অ্যানেস্থেটিক নিতে চাইলে যত তাড়াতাড়ি সম্ভব আপনার অ্যানেস্থেটিস্ট বা সার্জনের সাথে এটা নিয়ে আলোচনা করুন। চিকিৎসাজনিত কোনো কারণে জেনারেল অ্যানেস্থেটিক না নেওয়ার পরামর্শ দেওয়া হতে পারে। জেনারেল অ্যানেস্থেটিক নিয়ে অপারেশনের জন্য অপেক্ষমান রোগীদের তালিকা দীর্ঘ হওয়ার কারণে আপনাকে আরও বেশি সময় অপেক্ষা করতে হতে পারে। কিছু হাসপাতালের জেনারেল অ্যানেস্থেটিক দিয়ে অপারেশন করার সক্ষমতা নাও থাকতে পারে।

## কিভাবে লোকাল অ্যানেস্থেটিক দেওয়া হয়?

লোকাল অ্যানেস্থেটিক দুই ধরণের:

- কিছু অপারেশন চোখের ড্রপ দিয়ে চালানো যেতে পারে যা চোখকে অসাড় করে দেয়, কোনো ইনজেকশনের প্রয়োজন হয় না। আপনার অপারেশনের ক্ষেত্রে এটা সম্ভব কিনা তা আপনার সার্জন আপনাকে জানাতে পারবেন
- অনেক অপারেশনে লোকাল অ্যানেস্থেটিক ইনজেকশন দরকার হয়। যেমন চোখের রেটিনার অপারেশন, যেখানে চোখকে খুব স্থির রাখতে হয়। চোখের পৃষ্ঠকে অসাড় করতে প্রথমে ড্রপ দেওয়া হয়। তারপরে চোখের কাছাকাছি একটি ইনজেকশন দেওয়া হয় (চোখের ভিতরের অংশে (eyeball) নয়)।

## লোকাল অ্যানেস্থেটিক ইনজেকশন কি বেদনাদায়ক?

এটা ব্যক্তিভেদে ভিন্ন হয়। ইনজেকশন দেওয়ার প্রক্রিয়াটি যতটা সম্ভব ব্যাথামুক্ত করতে প্রথমে ঐ স্থানে চোখের ড্রপ দেওয়া হয়। এরপর খুব সুক্ষ সুই ব্যবহার করে ইনজেকশন দেওয়া হয়; এক ধরণের খোঁচা বা চাপের অনুভূতি হতে পারে, যা সাধারণত এক মিনিটেরও কম সময় ধরে স্থায়ী হয়।

## প্রত্যেকেই কি চোখের অপারেশনের জন্য লোকাল অ্যানেস্থেটিক নিতে পারবে?

না। লোকাল অ্যানেস্থেটিক ব্যবহারের মাধ্যমে নিরাপদে আপনার অপারেশন সম্পন্ন করতে আপনাকে নিচের কাজগুলো করতে সক্ষম হতে হবে:

- নড়াচড়া ছাড়া ৪৫–৬০ মিনিট সঠিকভাবে সোজা হয়ে শুয়ে থাকবে হবে
- সহজ নির্দেশনাবলি অনুসরণ করতে হবে।

নিচের সমস্যাগুলো থাকলে সাধারণত লোকাল অ্যানেস্থেটিক দেওয়া হয় না:

- লোকাল অ্যানেস্থেটিক ওষুধে এলার্জি থাকলে
- সঠিকভাবে সোজা হয়ে শুতে না পারলে
- স্থির থাকতে কষ্ট হলে বা অসম্ভব মনে হলে, যেমন পারকিনসন্স রোগ
- কী ঘটছে মনে রাখতে সমস্যা হলে, যেমন: মাঝারি ধরণের স্মৃতিভ্রংশ (ডিমেনশিয়া)
- অনিয়ন্ত্রিত কাশি

- শ্রবণশক্তির গুরুতর অসুবিধা
- কী বলা হচ্ছে বুঝতে সমস্যা হলে
- তীব্র ক্লস্ট্রোফোবিয়া (বদ্ধ জায়গার ভীতি) থাকলে।

আপনার এগুলোর যে কোনো একটি থাকলে আপনার সার্জন আপনার সাথে বিকল্পগুলো নিয়ে আলোচনা করবেন, তবে জেনারেল অ্যানেস্থেটিক বিবচনায় থাকবে।

### লোকাল অ্যানেস্থেটিক কে পরিচালনা করেন?

অ্যানেস্থেটিস্ট এবং চোখের সার্জন উভয়ই লোকাল অ্যানেস্থেটিক পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত।

### লোকাল অ্যানেস্থেটিকের কি কোনও জটিলতা আছে?

চোখের অপারেশনে লোকাল অ্যানেস্থেটিকই অনেকের জন্য সবচেয়ে নিরাপদ। ইনজেকশনটি চোখের কাছে একটি ছোট রক্তনালীর ক্ষতি করার কারণে কখনো কখনো আপনার চোখে ক্ষত সৃষ্টি হতে পারে বা কালশিটে পড়তে পারে। এটা সাধারণত গুরুতর নয়, তবে এক সপ্তাহ বা আরও কিছুদিন দেখতে খারাপ লাগতে পারে। আপনি অ্যাসপিরিন অথবা রক্ত পাতলা করার কোনো ওষুধ খেলে এটা ঘটা আরও স্বাভাবিক।

ইনজেকশন দেওয়ার পর রক্তপাতের ফলে চোখের চারপাশে সমস্যা দেখা দিতে পারে, তবে এটা বিরল। এরকম হলে আপনার সার্জন আপনার অপারেশন বিলম্বিত করে অন্য দিন করার সিদ্ধান্ত নিতে পারেন।

#### *গুরুতর জটিলতাসমূহ*

প্রতি ৫,০০০ জন বা তারও বেশি মানুষের মধ্যে ১ জনের দৃষ্টিশক্তি, রক্তনালী, অথবা চোখের পেশির গুরুতর ক্ষতির ঝুঁকি থাকে (তাই বলা যায় চিকিৎসা নেওয়া প্রতি ৫,০০০ জনের মধ্যে মাত্র ১ জন ক্ষতিগ্রস্ত হন)। আপনার হার্ট বা ফুসফুসে গুরুতর প্রভাব পড়তে পারে, তবে এটা বিরল। আপনার অ্যানেস্থেটিস্ট এবং চোখের সার্জন এই জটিলতাগুলো সম্পর্কে আরও তথ্য দিতে পারবেন।

# অপারেশনের আগে

## পরিকল্পিত অপারেশনের ক্ষেত্রে সার্জারি ও আরোগ্যলাভের জন্য নিজেকে আরও ভালোভাবে প্রস্তুত করতে আপনি অনেক কিছুই করতে পারেন।

- অপারেশনের পর বাড়িতে আরোগ্যলাভের পরিকল্পনা আগে থেকে করে রাখা ভালো এবং আপনার পরিবার ও বন্ধুবান্ধবরা কিভাবে আপনাকে সাহায্য করতে পারেন, তা তাদেরকে জানিয়ে রাখুন। আপনি কী খাবেন এবং আপনার আরোগ্যলাভ সহজতর করার জন্য আপনার বাড়িতে কোনো পরিবর্তন আনতে হবে কিনা ভেবে দেখুন।
- আপনি যেদিন জেনারেল অ্যানেস্থেসিক বা সিডেশন নিবেন সেদিনই যদি বাড়িতে ফিরেন, তাহলে পূর্ণ বয়স্ক কাউকে আপনাকে হাসপাতাল থেকে গাড়ি বা ট্যাক্সিতে করে বাড়িতে পৌঁছে দেওয়ার এবং আপনার সাথে পরবর্তী ২৪ ঘণ্টা থাকার দায়িত্ব দিতে হবে। মাত্রই জেনারেল অ্যানেস্থেটিক বা সিডেশন নেওয়া ব্যক্তির পরিচর্যাকারীর জন্য তথ্য আমাদের *জেনারেল অ্যানেস্থেটিক বা সিডেশন নেওয়া ব্যক্তির যত্ন* লিফলেটে পাওয়া যাবে: www.rcoa.ac.uk/patient-information/translations/bengali

- ছানি অপারেশনের প্রস্তুতি সম্পর্কিত তথ্যের জন্য আমাদের ওয়েবসাইটে *চোখের ছানি অপারেশনের জন্য প্রস্তুতি* লিফলেটটি দেখুন: www.rcoa.ac.uk/patientinfo/cataract

## প্রি-অপারেটিভ অ্যাসেসমেন্ট ক্লিনিক (অপারেশনের পূর্বে আপনার অবস্থা মূল্যায়ন করার জন্য ক্লিনিক)

অপারেশনের তারিখ নির্ধারিত হলে একটি স্বাস্থ্য পরীক্ষার প্রয়োজন হবে। আপনার স্বাস্থ্যের অবস্থা জানার জন্য আপনাকে একটি সংক্ষিপ্ত প্রশ্নপত্র পাঠানো হতে পারে বা আপনাকে একটি প্রি-অপারেটিভ ক্লিনিকে উপস্থিত থাকতে বলা হতে পারে। প্রি-অপারেটিভ ক্লিনিক সাধারণত নার্সদের দ্বারা পরিচালিত হয়, সেখানে পরামর্শ দেওয়ার জন্য একজন ডাক্তারও থাকেন।

তাঁরা আপনার সাধারণ স্বাস্থ্য, ওষুধ, অ্যালার্জি এবং আপনার কার্জকলাপের মাত্রা সম্পর্কে জানতে বিস্তারিত প্রশ্ন করবেন। আপনার কোনো পরীক্ষার দরকার হলে এই ক্লিনিকেই সেগুলোর ব্যবস্থা করা হবে।

অপারেশনের পরে আপনার বাড়িতে পর্যাপ্ত সহায়তা আছে কিনা নিশ্চিত হতে তাঁরা আপনার বাড়ির পরিস্থিতি সম্পর্কেও জিজ্ঞাসা করবেন। অপারেশনের পরে আপনি কিভাবে বাসায় থাকবেন এবং আপনার দেখাশোনা করতে ও চোখের ড্রপ দিতে কেউ আপনাকে সাহায্য করবেন কিনা, এগুলো আগে থেকে পরিকল্পনা করে রাখা গুরুত্বপূর্ণ। আপনার অন্য চোখের দৃষ্টিশক্তি খারাপ হলে এটা বিশেষভাবে গুরুত্বপূর্ণ। অপারেশন পরবর্তী জীবনযাপনের সুবিধার্থে আপনি বাসার আসবাবপত্র সুবিধামতো স্থানে সরানোর কথাও চিন্তা করতে পারেন।

## আপনি সাধারণত যে ওষুধগুলো খান

প্রি-অ্যাসেসমেন্ট ক্লিনিকের কর্মীরা আপনি যে ওষুধগুলো খান সেগুলোর রেকর্ড নিবেন। অনুগ্রহ করে ওষুধগুলোর একটি তালিকা আনুন অথবা সব ওষুধ সেগুলোর আসল প্যাকেটে নিয়ে আসুন। এখানে অবশ্যই আপনার খাওয়া যে কোনো ওভার-দ্য-কাউন্টার (ওটিসি) বা ভেষজ ওষুধও অন্তর্ভুক্ত করবেন।

অপারেশনের পূর্বে বেশিরভাগ ওষুধই স্বাভাবিক নিয়মে খেতে পারবেন। তবে কিছু ওষুধ বা ট্যাবলেট অবশ্যই ঐ দিন বা কয়েক দিন আগে বন্ধ করতে হবে। কোনগুলো খেতে পারবেন এবং কোনগুলো অবশ্যই বন্ধ করতে হবে সেই ব্যাপারে আপনাকে নির্দেশনা দেওয়া হবে। এই নির্দেশনাগুলো গুরুত্বপূর্ণ এবং এগুলো অবশ্যই যত্নসহকারে মেনে চলবেন।

আপনি ক্লোপিডোগ্রেল, রিভারক্সাব্যান, ওয়ারফারিন বা অন্য কোনো রক্ত পাতলা করার ওষুধ খেয়ে থাকলে সেগুলোর জন্য আপনার নির্দিষ্ট নির্দেশনার প্রয়োজন হতে পারে। এই ওষুধগুলো বন্ধ করলে ঝুঁকি থাকতে পারে, তাই এই ব্যাপারে আপনি অবশ্যই আপনার চিকিৎসকের সাথে আলোচনা করবেন। চোখের ছানি অপারেশনের ক্ষেত্রে আপনার এই ওষুধগুলো বন্ধ করার প্রয়োজন নাও হতে পারে।

# অপারেশনের দিন

## কখন খাওয়া ও পান করা বন্ধ করতে হবে সেই ব্যাপারে আপনাকে স্পষ্ট নির্দেশনা দেওয়া হবে।

অন্য কোনো নির্দেশনা দেওয়া না হলে আপনি স্বাভাবিক নিয়মে ওষুধ খাবেন। অপারেশনের আগে হাসপাতাল থেকে দেওয়া নির্দেশনা মোতাবেক খাওয়াদাওয়া করবেন। কোনো ওষুধ খাওয়ার দরকার হলে আপনি পানি খেতে পারেন।

অপারেশনের দিন কাশি হলে বা ভারি সর্দি লাগলে জন্য অবশ্যই ওয়ার্ডে ফোন করে জানাবেন। এক্ষেত্রে আপনার অপারেশন স্থগিত করার প্রয়োজন হতে পারে।

আপনার সমস্ত ওষুধ, ট্যাবলেট এবং ইনহেলারগুলো আপনার সাথে নিয়ে আসুন যাতে চিকিৎসক এবং নার্সরা সেগুলো পরীক্ষা করতে পারেন।

## আপনার সার্জনের সাথে সাক্ষাৎ

আপনাকে সাথে আপনার চোখের সার্জনের (অফথালমলজিস্ট বা চক্ষু বিশেষজ্ঞ) দেখা হবে। তিনি কোন চোখে অপারেশন করা হবে তা দেখবেন এবং আপনার সাথে অপারেশন নিয়ে আলোচনা করবেন। আপনাকে একটি সম্মতি ফরমে (কনসেন্ট ফর্ম) স্বাক্ষর করতে বলা হবে এবং যে চোখে অপারেশন করা হবে সেটির কাছে একটি চিহ্ন দেওয়া হবে।

## আপনার অ্যানেস্থেটিস্টের সাথে সাক্ষাৎ

চোখের সার্জনের সাথে কোনো অ্যানেস্থেটিস্ট কাজ করলে তাঁর সাথে আপনার সাক্ষাত হবে এবং তিনি অ্যানেস্থেটিক সম্পর্কে আপনার যে কোনো প্রশ্নের উত্তর দিবেন।

এছাড়াও অ্যানেস্থেসিয়া অ্যাসোসিয়েটদের সাথেও আপনার সাক্ষাৎ হতে পারে, তাঁরা উচ্চ প্রশিক্ষণপ্রাপ্ত পেশাদার স্বাস্থ্যকর্মী। তাঁদের ভূমিকা এবং অ্যানেস্থেসিয়া দল সম্পর্কে আরও জানতে আমাদের ওয়েবসাইট ভিজিট করুন: www.rcoa.ac.uk/patientinfo/anaesthesia-team

## আপনার অ্যানেস্থেটিস্ট অথবা সার্জনকে যেসব প্রশ্ন করতে পারেন

- কে আমার অ্যানেস্থেটিক প্রয়োগ করবেন?
- আপনি কি প্রায়ই এই ধরণের অ্যানেস্থেটিক ব্যবহার করেছেন?
- আমাকে কি লোকাল অ্যানেস্থেটিক নিতে হবে?
- এই ধরনের অ্যানেস্থেটিকের ঝুঁকিগুলো কী?
- আমার কি বিশেষ কোনো ঝুঁকি আছে?
- এরপরে আমি কেমন অনুভব করবো?

## আরাম বোধ করার জন্য আমি কি কিছু পেতে পারি?

আপনার অ্যানেস্থেটিস্ট এবং অপারেশন থিয়েটারের অন্যান্য কর্মীরা আপনাকে ভরসা দিতে এবং আপনাকে শিথিল রাখতে দক্ষ। অনেক সময় আপনাকে সিডেটিভ দেওয়া হতে পারে। তবে এগুলো নেওয়ার পরে আপনি যদি ঘুম থেকে হঠাৎ জেগে উঠে নড়াচড়া শুরু করেন অথবা আপনার শ্বাসপ্রশ্বাসের গতি ধীর হয়ে আসলে অপারেশনের সময় সমস্যার সৃষ্টি হবে। কোনো বিষয় নিয়ে আপনার উদ্বেগ থাকলে অনুগ্রহ করে আপনার অ্যানেস্থেটিস্ট অথবা সার্জনের সাথে আলাপ করুন। তাঁরা আপনার সাথে হাতে থাকা বিভিন্ন বিকল্প নিয়ে আলোচনা করবেন।

সিডেশন সম্পর্কে আরও জানতে অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইটে *সিডেশন (ঘুমের ওষুধ) এর ব্যাখ্যা* লিফলেটটি দেখুন: www.rcoa.ac.uk/patient-information/translations/bengali

## এরপর কী হবে?

- আপনাকে হাসপাতাল থেকে দেওয়া গাউন পরতে বলা হতে পারে। কিছু হাসপাতাল রোগীদেরকে তাদের নিজেদের পোশাক পরার অনুমতি দেয়। অপারেশনের সুবিধার্থে গলার দিকে ঢিলেঢালা এমন আরামদায়ক পোশাক পরবেন।
- কিছু অপারেশনের ক্ষেত্রে ওয়ার্ডের একজন নার্স আপনার চোখ প্রসারিত করতে চোখের ড্রপ দিবেন। কিছু সময়ের জন্য আপনার দৃষ্টি ঝাপসা হয়ে যাবে।
- প্রয়োজন হলে অপারেশন থিয়েটারে যাওয়ার আগে টয়লেট ব্যবহার করে আসুন যাতে আপনি আরামে শুয়ে থাকতে পারেন।
- একজন নার্স আপনাকে ট্রলি বা হুইলচেয়ারে করে অপারেশন থিয়েটারে দিয়ে আসবেন। আপনি চাইলে হেঁটেও যেতে পারেন।

থিয়েটারের কর্মীরা আপনার পরিচয় এবং আপনার কী অপারেশন হবে নিশ্চিত হতে আপনাকে কিছু প্রশ্ন করবেন। তাঁরা আপনার কোন চোখে অপারেশন হবে পুনরায় নিশ্চিত হবেন এবং আপনার সম্মতি ফর্মটি দেখবেন।

## অ্যানস্থেটিক রুমে

অপারেটিং ট্রলিতে আপনার আরামের ব্যবস্থা করা হবে। আপনার পিঠ এবং নিতম্বের উপর চাপ কমানোর জন্য আপনার হাঁটুর নিচে একটি বালিশ রাখা হতে পারে।

পর্যবেক্ষণের জন্য আপনার অ্যানেস্থেটিস্ট যেসব যন্ত্রপাতি স্থাপন করতে পারেন:

- **আপনার হৃদপিন্ড:** আপনার বুকে স্টিকার (ইলেক্ট্রোকার্ডিওগ্রাম বা ইসিজি)
- **আপনার রক্তচাপ:** আপনার বাহুতে একটি ব্লাড প্রেসার কাফ লাগানো হতে পারে। এটা অপারেশন চলাকালীন প্রতি ৫ থেকে ১৫ মিনিট পর পর আপনার রক্তচাপ পরিমাপ করতে পারে। কাফ লাগানোর কারণে আপনার বাহুতে কিছুটা টান অনুভব করতে পারেন
- **আপনার রক্তে অক্সিজেনের মাত্রা:** আপনার আঙ্গুলে একটি ক্লিপ স্থাপন করা হবে (পালস অক্সিমিটার)।

একটি সূচের সাহায্যে আপনার হাতে বা বাহুর শিরায় একটি ক্যানুলা (ছোট প্লাস্টিকের টিউব) প্রবেশ করানো হবে। এটা খুলে না যাওয়ার জন্য একটি আঠালো টেপ দিয়ে ঢেকে দেওয়া হয়। অ্যানেস্থেটিস্টরা এটার (ক্যানুলা) মাধ্যমে আপনার শরীরে যে কোনো দরকারি ওষুধ প্রবেশ করাতে পারেন।

অ্যানেস্থেসিয়া টিম আপনার নাম, জন্মতারিখ, এবং আপনার কোন অপারেশন হচ্ছে পুনরায় নিশ্চিত হবেন।

এরপরে অ্যানেস্থেটিস্ট বা চোখের সার্জন আপনাকে চোখের ড্রপ এবং/অথবা ইনজেকশন দিবেন, এটা আপনার চোখকে অসাড় করে ফেলবে।

## অ্যানেস্থেটিক প্রয়োগ সংক্রান্ত কিছু প্রশ্নের উত্তর

### লোকাল অ্যানেস্থেটিক ইনজেকশনটি কি ব্যাথা দিবে?

এটা ব্যক্তিভেদে ভিন্ন হয়। খোঁচা, চাপ অথবা ব্যাথা অনুভব করতে পারেন, তবে এটা সাধারণত এক মিনিটের বেশি স্থায়ী হয় না।

### লোকাল অ্যানেস্থেটিক দেওয়ার পরে কী ঘটবে?

যে চোখে অপারেশন হবে সেটি বন্ধ করে রাখা হবে যাতে এতে কোনো কিছুর স্পর্শ না পড়ে অথবা চোখের কোনো ক্ষতি না হয়। অ্যানেস্থেটিক সমানভাবে ছড়িয়ে পড়ার জন্য কর্মীরা আপনার চোখে মালিশ করতে পারেন, হালকা চাপ প্রয়োগ করতে পারেন অথবা বন্ধ চোখের উপর হালকা ওজন রাখতে পারেন।

### অ্যানেস্থেটিক কাজ করছে কিনা আমি কিভাবে বুঝবো?

আপনার অ্যানেস্থেটিস্ট বা চক্ষু সার্জন আপনার চোখটি অসাড় হয়েছে কিনা নিশ্চিত হতে পরীক্ষা করবেন। অ্যানেস্থেটিকের প্রভাব বুঝার জন্য আপনাকে বিভিন্ন দিকে তাকাতে বলা হতে পারে। তাঁরা যখন নিশ্চিত হবেন যে অ্যানেস্থেটিক সঠিকভাবে কাজ করছে, আপনাকে তখন অপারেটিং থিয়েটারে নেওয়া হবে।

### অপারেটিং থিয়েটারে কী ঘটে?

- হার্ট এবং পালস মনিটর পুনরায় সংযুক্ত করা হবে।
- আপনি আরাম করে শুতে পেরেছেন কিনা নার্স পরীক্ষা করে দেখবেন।
- আপনার বিস্তারিত সঠিক কিনা এবং সঠিক যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে কিনা — অপারেটিং টিম এসব আরেকবার যাচাই করে দেখবে।
- কর্মীদের একজন সদস্য অপারেশনের পুরোটা সময়জুড়ে আপনার হাত ধরে রাখার প্রস্তাব দিতে পারেন।
- আপনার চোখের চারপাশ পরিষ্কার রাখার জন্য আপনার মুখের উপর তাঁবুর মতো করে একটি জীবাণুমুক্ত সার্জিক্যাল শীট রাখা করা হবে। শীটটিতে একটি ছিদ্র থাকবে যাতে সার্জনরা তাঁদের কাজ করতে পারেন।
- সার্জিক্যাল শীটের নিচে একটি টিউব স্থাপন করা হতে পারে, এটা আপনার মুখ ও নাকের আশেপাশে তাজা বাতাস/অক্সিজেন প্রবাহিত করবে। অপারেশনের সময় আপনাকে আরাম দেওয়ার জন্য এটা করা হয়।

এক প্রকার ঠান্ডা তরল দিয়ে আপনার চোখের চারপাশ পরিষ্কার করা হবে। অপারেশনের সময় আপনার চোখ আর্দ্র রাখতে পানি ব্যবহার করা হয়। আপনার মুখের পাশ দিয়ে পানি গড়িয়ে না পড়ার জন্য যথাসাধ্য চেষ্টা করা হয়, তবে অনেক সময় এটা আটকানো যায় না।

## আমি কি অপারেশন চলাকালীন কথা বলতে পারব?

আপনাকে কোনো প্রশ্ন করা না হলে **সার্জন আপনার চোখে অপারেশন করার সময় কথা না বলাই ভালো**। আপনার মুখ নাড়ানোর ফলে অপারেশনে ব্যাঘাত ঘটতে পারে। আপনি কিছু বলতে চাইলে হাত নাড়ালেই ভালো, তাহলে সার্জন অপারেশন থামিয়ে আপনাকে কথা বলার সুযোগ দিবেন।

## আমি কী শুনবো?

অপারেশন চলার সময় আপনি সার্জন এবং অপারেশন থিয়েটার টিমের কথাবার্তা শুনতে পাবেন। থিয়েটারে থাকা যন্ত্রপাতিগুলো বিভিন্ন শব্দ করতে পারে। হার্ট মনিটর 'বীপ' শব্দ করতে পারে। কিছু যন্ত্রের একটি মহিলা কন্ঠ থাকে যা কিছুক্ষণ পর পর বার্তা পাঠ করে। এটা সার্জনকে সেটিংসে বিভিন্ন পরিবর্তন সম্পর্কে জানায়। সার্জন আপনাকে কিছু করতে বললে, যেমন আপনার চিবুক হালকা উপরে তোলা লাগলে তিনি আপনাকে আপনার নাম ধরে ডাকবেন। আপনার নাম ডাকা না হলে আপনাকে সাড়া দিতে হবে না।

## আমি কি কিছু দেখতে পারবো?

অপারেশনের চলাকালীন আপনি সাধারণত উজ্জল আলো দেখবেন এবং আপনার চারপাশে কিছু নড়াচড়া দেখতে পারেন। এটা ব্যক্তিভেদে ভিন্ন হয়। আপনি পরিষ্কারভাবে কিছু দেখবেন না, সবকিছুই ঝাপসা লাগতে পারে।

## আর কী হবে?

সার্জন অপারেশনে এমন সব সুক্ষ যন্ত্রপাতি ব্যবহার করবেন যেগুলো আপনার চোখের ভিতরে ঢুকতে পারে, তবে আপনার চোখকে এর স্বাভাবিক অবস্থান থেকে সরানো হবে না।

## অপারেশনের সময় আমি কি ব্যাথা অনুভব করব?

আপনি বুঝতে পারবেন যে সার্জন তাঁর কাজ করছেন এবং আপনি সাধারণত কিছু স্পর্শ ও চাপ অনুভব করবেন। তবে আপনার কোনো ব্যাথা অনুভব করার কথা নয়। **এরপরেও যদি আপনি অস্বস্তিবোধ করেন বা ব্যাথা অনুভব করেন, অবশ্যই সাথে সাথে সার্জনকে জানাবেন যাতে তিনি আপনাকে প্রয়োজনে আরও লোকাল অ্যানেস্থেটিক দিতে পারেন**।

## আমি চোখের পলক ফেললে কী হবে?

যে চোখে অপারেশন করা হয় সেই চোখে একটি ছোট ক্লিপ লাগানো থাকে যেটি চোখের পাতা খোলা রাখে। এর অর্থ হলো আপনি অন্য চোখের পলক ফেলতে পারবেন। তবে মাথা নাড়ালে অপারেশনে ব্যাঘাত ঘটবে।

## আমি যদি শরীর নাড়াতে, কাশতে, গলা পরিষ্কার করতে, অথবা নাক চুলকাতে চাই তাহলে কী করব?

তখনও আপনার স্থির হয়ে শুয়ে থাকা উচিৎ। হঠাৎ করে যে কোনো নড়াচড়ার (কাশি দেওয়া, শরীর চুলকানো অথবা শরীর আরামদায়ক অবস্থায় আনার জন্য গা মোচড়ানো) পূর্বে অবশ্যই হাত নাড়িয়ে সার্জনকে সংকেত দিবেন। সার্জন তখন অপারেশন বন্ধ করবেন যাতে আপনি নিরাপদে নড়তে পারেন।

### অপারেশন চলাকালীন আমি যদি ঘুমিয়ে পরি?

অপারেশন চলাকালীন আপনার জেগে থাকা খুবই গুরুত্বপূর্ণ; ঘুম থেকে জেগে উঠে হঠাৎ নড়াচড়া করলে আপনার চোখের ক্ষতি হতে পারে। সার্জন কিছুক্ষণ পরপরই আপনি জাগ্রত আছেন কিনা এবং আপনার কোনো অসুবিধা হচ্ছে কিনা দেখবেন। যে কোনো সময় আপনাকে বিশেষভাবে স্থির থাকতে হলে তিনি আপনাকে সাবধান করবেন।

### আমি প্রস্রাব ধরে রাখতে পারিনা। আমার টয়লেটে যাওয়ার দরকার হলে কী করব?

অপারেশন থিয়েটারে আসার ঠিক আগে অবশ্যই মূত্রত্যাগ করে আসবেন। তবুও আপনি যদি টয়লেটে যাওয়ার তাগিদ অনুভব করেন, অনুগ্রহ করে থিয়েটারের দলকে জানান। তাঁরা আপনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

### অপারেশনের মাঝখানে আমি কি ব্যাথা অনুভব করতে পারি?

হ্যাঁ। কিছু প্রক্রিয়ার অ্যানেস্থেটিকের প্রভাব কমা শুরু করতে পারে। যে কোনো সময় ব্যাথা বা অস্বস্তি অনুভব করলে অবশ্যই সাথে সাথে সার্জনকে জানাবেন।

### অপারেশনটি কতক্ষণ স্থায়ী হয়?

বেশিরভাগ প্রক্রিয়াই আধা ঘন্টা থেকে এক ঘন্টা সময় নেয়, কিছু প্রক্রিয়া দুই ঘন্টা পর্যন্ত সময় নিতে পারে। এটা আনুমানিক কতক্ষণ চলতে পারে তা সার্জন আপনাকে জানাবেন।

### অপারেশন চলাকালীন আমি কি আমার হিয়ারিং এইড পরে থাকতে পারব?

নিয়ম হলো যে চোখে অপারেশন হচ্ছে সেই পাশের কানের হিয়ারিং এইড খুলে ফেলা। কারণ সাবধানতা অবলম্বন করা সত্ত্বেও কানে ও হিয়ারিং এইডে পানি ঢুকে যেতে পারে এবং যন্ত্রটিতে গোলযোগ হয়ে আওয়াজ শুরু করতে পারে। যে চোখে অপারেশন হচ্ছে না সেই পাশের কানে আপনি হিয়ারিং এইড পরতে পারেন।

# অপারেশনের পর

## একজন নার্স আপনাকে হুইলচেয়ারে করে ওয়ার্ডে নিয়ে যাবে। আপনার চোখ দুই থেকে তিন ঘন্টা অবশ থাকতে পারে, তবে এটা আরও দীর্ঘ হতে পারে।

আপনার চোখ পরদিন পর্যন্ত একটি প্যাড দিয়ে ঢাকা থাকতে পারে, এটা চোখকে নিরাপদে রাখবে এবং আপনি ঘুমানোর সময় চোখ ঘষতে চাইলে বাধা দিবে। আই প্যাড খোলার পরে কয়েক ঘন্টা পর্যন্ত আপনার ডাবল ভিশন (একটি বস্তু দুটো দেখা) হতে পারে।

### আমি কখন খাওয়া ও পান করা শুরু করতে পারব?

ওয়ার্ডে আসার পরপরই আপনার স্বাভাবিক নিয়মে খাওয়া ও পান করতে শুরু করতে পারার কথা।

### আমি কখন বাড়ি যেতে পারব?

আপনি সুস্থ বোধ করলে এবং কিছু খাওয়ার পরে বাড়ি যেতে পারবেন।

আপনি যদি সিডেটিভ নিয়ে থাকেন তাহলে অবশ্যই একজন দায়িত্বশীল প্রাপ্তবয়স্ক কোনো ব্যক্তি আপনাকে গাড়ী বা ট্যাক্সিতে করে বাসায় দিয়ে আসবেন। আপনার ২৪ ঘন্টা পর্যন্ত কোনো শিশুর দেখাশোনা করা উচিত হবে না। অনুগ্রহ করে নিচের লিফলেটটির পরামর্শ অনুসরণ করুন।

মাত্রই জেনারেল অ্যানেস্থেটিক বা সিডেশন নিয়েছেন এমন ব্যক্তির পরিচর্যাকারীর জন্য তথ্য আমাদের *জেনারেল অ্যানেস্থেটিক বা সিডেশন নেওয়া ব্যক্তির যত্ন* লিফলেটে পাওয়া যাবে: www.rcoa.ac.uk/patient-information/translations/bengali

আপনার কোনো ওষুধ খাওয়ার দরকার হলে ওয়ার্ডের নার্স আপনাকে জানাবেন এবং লিখিত নির্দেশনা দিবেন। অপারেশনের পরে চোখ জ্বলা (ফুলে যাওয়া) কমাতে এবং সংক্রমণ রোধে সহয়তা করতে চোখের ড্রপ দেওয়া হতে পারে। অপারেশন পরবর্তী সময়ে চোখ দেখাতে ক্লিনিকে আসতে হলে আপনাকে জানানো হবে।

## আমার কি ব্যথা হবে?

অ্যানেস্থেটিকের প্রভাব কেটে গেলে অপারেশনের কারণে কিছুটা ব্যথা অনুভব করতে পারেন। এক্ষেত্রে প্যারাসিটামলের মতো ব্যাথানাশক ওষুধ দরকার হতে পারে।

তবে তীব্র ব্যথা হওয়া অস্বাভাবিক এবং এটা কোনো সমস্যার লক্ষণ হতে পারে; এরকম হলে দেরি না করে দ্রুত হাসপাতাল থেকে প্রাপ্ত কাগজপত্রে থাকা নম্বরে যোগাযোগ করুন।

## আমার কি কোনো বিশেষ যত্নের দরকার আছে?

- কোন অবস্থাতেই চোখ কচলাবেন না।
- চোখ সুরক্ষিত রাখুন (বিশেষ করে ঝড়ো আবহাওয়ায়) যাতে চোখে কিছু না পরে।
- আপনার পরিচর্যাকারী দলের পরামর্শ অনুযায়ী ভারী কিছু উত্তোলন, কঠোর অনুশীলন এবং কিছু সময়ের জন্য সাঁতার কাটা থেকে বিরত থাকুন।
- আপনার দৃষ্টিশক্তি খারাপ হতে থাকলে অথবা চোখের ব্যথা খুব বেশি বেড়ে গেলে দেরি না করে হাসপাতালে যোগাযোগ করুন।
- আপনার ডাক্তারের সাথে আলোচনা না করা পর্যন্ত কন্টাক্ট লেন্স পরা থেকে বিরত থাকুন।

আমরা এই লিফলেটের তথ্য সঠিক ও হালনাগাদকৃত রাখার সর্বোতভাবে প্রচেষ্টা করি, কিন্তু তার নিশ্চয়তা দেওয়া সম্ভব নয়। আমরা প্রত্যাশা করি না যে এই সাধারণ তথ্যে আপনার সম্ভাব্য সমস্ত প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে অথবা আপনার জন্য গুরুত্বপূর্ণ সমস্ত বিষয় নিয়ে বিশদে আলোচনা করা হয়েছে। এই লিফলেটটিকে নির্দেশনা হিসেবে ব্যবহার করে, আপনার নিজস্ব পছন্দ-অপছন্দ এবং উদ্বেগ নিয়ে আপনার চিকিৎসা দলের সাথে আলোচনা করা উচিৎ। এই লিফলেটকে পৃথকভাবে চিকিৎসা পরামর্শ হিসেবে ব্যবহার করা উচিৎ নয়। এটি কোনও বাণিজ্যিক বা ব্যবসার উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। সম্পূর্ণ দায় বর্জন বিবৃতি দেখতে এখানে (www.rcoa.ac.uk/patient-information/translations/bengali) ক্লিক করুন।

সমস্ত অনুবাদ ট্রান্সলেটর্স উইদাউট বর্ডার্সের (Translators without Borders) অনুবাদকগণ সরবরাহ করেছেন। অনুবাদগুলিকে যথাসম্ভব নির্ভুল করতে সেগুলির মান পরীক্ষা করা হয়েছে, তবে কিছু তথ্যের ভুল অর্থ এবং ভুল ব্যাখ্যার সম্ভাবনা রয়েছে।

# আমরা আপনার মতামত জানতে আগ্রহী

এই লিফলেটটি আরও উন্নত করার জন্য আমরা আপনার পরামর্শ জানতে চাই।

আপনার কোনো মন্তব্য থাকলে অনুগ্রহ করে এই ঠিকানায় ইমেইল করুন: patientinformation@rcoa.ac.uk

**Royal College of Anaesthetists**
Churchill House, 35 Red Lion Square, London WC1R 4SG
020 7092 1500

## www.rcoa.ac.uk

পঞ্চম সংস্করণ, ফেব্রুয়ারি ২০২০

এই লিফলেটটি প্রকাশনার তারিখ থেকে তিন বছরের মধ্যে পুনরায় পর্যালোচনা করা হবে।

**© 2020 Royal College of Anaesthetists**

রোগীদের তথ্য সরবরাহের উপকরণ প্রস্তুতের জন্য এই লিফলেটটি কপি করা যাবে। অনুগ্রহ করে প্রকৃত সূত্র উল্লেখ করুন। আপনি যদি এই লিফলেটটির অংশবিশেষ অন্য কোনো প্রকাশনার কাজে ব্যবহার করতে চান তাহলে কৃতজ্ঞতাস্বীকার করতে হবে, এবং লোগো, ব্র্যান্ডিং ও চিত্র অপসারণ করতে হবে। আরও তথ্য জানতে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।